



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Human Resource Development Division (HRDD)
Head Office (5th Floor), Motijheel C/A, Dhaka-1000, Bangladesh.
PHONE : 9550653 (AGM-Incharge), 9567891 (AGM)
PABX : 2025(AGM-Incharge), 3251(AGM), 3250(SPO), 3247
E-mail : dgmhrdd@sonalibank.com.bd
Website : www.sonalibank.com.bd

নং-এইচআরডিডি/৩৯৯/ ৩৭

তারিখ: ১৭ পৌষ, ১৪২৬
০১ জানুয়ারি, ২০২০

জেনারেল ম্যানেজার
সকল জেনারেল ম্যানেজার'স অফিস
সোনালী ব্যাংক লিমিটেড।

দৃষ্টি আকর্ষণ
ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, জিএম অফিস।

২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

এ ব্যাংকের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এতদসঙ্গে প্রেরণ করা হল (কপি সংযুক্ত)।

২.০০: উল্লেখ্য, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকে প্রমাণকসহ প্রেরণ করতে হয়। এছাড়া, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকে শুদ্ধাচার বিষয়ক বিভিন্ন সভায় মাঠ পর্যায়ে শুদ্ধাচার বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হচ্ছে।

৩.০০: এক্ষণে, কর্তৃপক্ষের অনুমোদিত ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোয় আপনাদের কার্যালয় সংশ্লিষ্ট বিষয় অর্থাৎ জিএম অফিসে গঠিত নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারে অন্তত ১ বার আয়োজন এবং আয়োজিত সভার কার্যবিবরণীসহ প্রতিবেদন হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনে dgmhrdd@sonalibank.com.bd ই-মেইলে প্রেরণের জন্য বিশেষ অনুরোধ করা হল। এছাড়া, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশনের ৩০/০৫/২০১৮ তারিখের এইচআরডিডি/ট্রেনিং/২০১৮/১২৭৯ সংখ্যক পত্র (কপি সংযুক্ত) মোতাবেক National Integrity Strategy-সহ অন্যান্য বিষয়ে শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণ আয়োজনপূর্বক ত্রৈমাসিক অর্জিত অগ্রগতি ২.৩ ক্রমিকে উল্লেখ করা যেতে পারে।

৪.০০: প্রতি কোয়ার্টার শেষ হওয়ার ৩ তারিখের মধ্যে শুদ্ধাচার প্রতিবেদন (সংযুক্ত ছকে) প্রেরণ করার জন্য বিশেষ অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শওকত জামান)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (ইনচার্জ)

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।